

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
আইসিটি প্রমোশন

৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ আয়োজন উপলক্ষে উদ্বোধন কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি	জুনাইদ আহমেদ পলক, এমপি মাননীয় প্রতিমন্ত্রী
সভার তারিখ	২২/১০/২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১১:০০ ঘটিকা
স্থান	জুম অনলাইন প্ল্যাটফর্ম
উপস্থিতি	জুম অনলাইন প্ল্যাটফর্ম

সভাপতি অনলাইন প্ল্যাটফর্মের মাধ্যমে সংযুক্ত সকলকে স্বাগত জানান। সভাপতি জানান যে, করোনাতাইরাস (কোভিড-১৯) পরিস্থিতিতে দেশের সকল শ্রেণির জনগণ আইসিটি'র যে সুফল ভোগ করতে পেরেছে তা আজকের এই বাস্তব ডিজিটাল বাংলাদেশের জন্যই সম্ভব হয়েছে। তিনি জানান যে, সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের এই যুগান্তকারী পদক্ষেপ গ্রহণের জন্য তিনি মাননীয় প্রধানমন্ত্রী এবং প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টাকে ধন্যবাদ জানান। তিনি বলেন যে, আগামী ১২ ডিসেম্বর ২০২০ তারিখে অনুষ্ঠেয় ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ অত্যন্ত গুরুত্বসহকারে উদ্বোধনের নিমিত্ত সকলের আন্তরিক ও স্বতঃস্ফূর্ত সহযোগিতা কামনা করেন। তিনি জানান যে, সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ডিজিটাল কার্যক্রমকে এই দিবসের মাধ্যমে প্রচার করতে হবে। তিনি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিনিয়র সচিব জনাব এন এম জিয়াউল আলম-কে ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ আয়োজন উপলক্ষে তাঁর বক্তব্য প্রদানের জন্য অনুরোধ জানান। সিনিয়র সচিব মহোদয় জানান যে, ডিজিটাল বাংলাদেশের সুফল ও অর্জন সকল জনগণের মাঝে উপস্থাপন, তথ্যপ্রযুক্তি জ্ঞানসম্পন্ন মানবসম্পদ উন্নয়ন ও তথ্যপ্রযুক্তি ভিত্তিক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে দিবসটি দেশব্যাপী উদ্বোধন করা হয়। তিনি সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনার পূর্বে দিবসটি উদ্বোধনের সার্বিক প্রস্তুতির বিষয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব এ. বি. এম. আরশাদ হোসেন-এর নিকট জানতে চান। মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর জানান যে, দিবসটি উদ্বোধনের নিমিত্ত গত ০৫/০৯/২০২০ তারিখের প্রস্তুতিমূলক সভার আলোকে কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং আজকের সভার সিদ্ধান্তের আলোকে বিস্তারিত কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে।

০২। অতঃপর সভাপতি মহোদয় সভার আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম শুরু করার জন্য অনুরোধ করেন। ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদ্বোধন উপলক্ষে বিস্তারিত কার্যক্রম পর্যালোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচনা ও সিদ্ধান্ত:

ক্রম	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	উদ্বোধিত ডিজিটাল বাংলাদেশ দিবস	সভায় ২০১৭ হতে ২০১৯ পর্যন্ত উদ্বোধিত ডিজিটাল বাংলাদেশ দিবসের উপর সংক্ষিপ্ত উপস্থাপন এবং ৩য় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০১৯ উদ্বোধন উপলক্ষে গৃহীত সকল পদক্ষেপের উপর নির্মিত অডিও ভিজুয়াল প্রদর্শন করা হয়।	বিগত বছরের ন্যায় এবারেও আরও উদ্ভাবনী প্রক্রিয়ায় জাঁকজমকপূর্ণভাবে ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদ্বোধন করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এ লক্ষ্যে দিবসের কর্মসূচিসমূহে সকলকে গুরুত্ব সহকারে দায়িত্ব পালন করতে হবে।	১. আইসিটি বিভা ২. আইসিটি অধিদপ্তর
২	দিবসের প্রতিপাদ্য	সভাপতি বর্তমান কোভিড-১৯ প্রেক্ষাপট বিবেচনায় ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ এর প্রতিপাদ্য নিম্নরূপ নির্ধারণ করা হয়েছে মর্মে জানান। যদিও মানছি দূরত্ব তবুও আছি সংযুক্ত মাননীয় প্রধানমন্ত্রী এবারের প্রতিপাদ্যটি অনুমোদন করেছেন মর্মে সভায় আলোচনা হয়।	৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ এর প্রতিপাদ্য নিম্নরূপ নির্ধারণ করা হয়। যদিও মানছি দূরত্ব তবুও আছি সংযুক্ত	১. আইসিটি বিভাগ ২. আইসিটি অধিদপ্তর
৩	থিম সজ্জীত	প্রতিপাদ্যের সাথে সামঞ্জস্য রেখে গুনগতমানসম্পন্ন থিম সজ্জীত নির্মাণের বিষয়ে আলোচনা হয়।	প্রতিপাদ্যের সাথে সামঞ্জস্য রেখে গুনগতমানসম্পন্ন এবং মুগ্ধকর থিম সজ্জীত নির্মাণের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রয়োজন অনুযায়ী বাজেটের সংস্থান রাখতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। জনাব পুরবী মতিন, HD Media Manager, a2i থিম সজ্জীত নির্মাণে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।	১. আইসিটি বিভাগ ২. আইসিটি অধিদপ্তর ৩. গঠিত উপ-কমিটি ৪. জনাব পুরবী মতিন, HD Media Manager, a2i
৪	অডিও ভিজুয়াল	ডিজিটাল বাংলাদেশের ৪টি স্তরের লক্ষ্যমাত্রা, সাফল্য ও অর্জন এর ভিত্তিতে ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছরের উপর গুনগতমানসম্পন্ন অডিও ভিজুয়াল (AV) নির্মাণের বিষয়ে আলোচনা হয়। এবারের AV আইসিটি বিভাগ ছাড়াও প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার ডিজিটাল বাংলাদেশ বিগির্মানের কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করতে হবে।	(ক) ডিজিটাল বাংলাদেশের ৪টি স্তরের লক্ষ্যমাত্রা, সাফল্য ও অর্জন এর ভিত্তিতে ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছরের উপর গুনগতমানসম্পন্ন অডিও ভিজুয়াল (AV) নির্মাণ করতে হবে। (খ) প্রতিটি মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার কার্যক্রমসমূহ অন্তর্ভুক্ত করার লক্ষ্যে তথ্য সংগ্রহ করতে হবে। (গ) প্রয়োজন অনুযায়ী বাজেটের সংস্থান রাখতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। (ঘ) জনাব পুরবী মতিন, HD Media Manager, a2i AV নির্মাণে সার্বিক সহযোগিতা প্রদান করবেন।	১. আইসিটি বিভাগ ২. আইসিটি অধিদপ্তর ৩. গঠিত উপ-কমিটি ৪. জনাব পুরবী মতিন, HD Media Manager, a2i

৫	মূল অনুষ্ঠানের ভেন্যু	কোভিড-১৯ প্রেক্ষাপটে ভার্চুয়াল ও ভৌতভাবে মূল অনুষ্ঠানের ভেন্যু হিসেবে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র (বিআইসিসি) ব্যবহার করার বিষয়ে আলোচনা হয়। এছাড়া সভায় আলাদা আলাদা ভাবে অর্থাৎ ৯-১১ ডিসেম্বর ২০২০ ডিজিটাল ওয়ার্ল্ড ২০২০ এবং ১২ ডিসেম্বর ২০২০ ৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	আগামী ১২ ডিসেম্বর ২০২০ তারিখে ঢাকাস্থ বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্র ৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ এর মূল অনুষ্ঠানের ভেন্যু হিসেবে ব্যবহারের বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় আলাদাভাবে ৯-১১ ডিসেম্বর ২০২০ ডিজিটাল ওয়ার্ল্ড ২০২০ এবং ১২ ডিসেম্বর ২০২০ ৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।	১। যুগ্মসচিব (আইসিটি প্রমোশন), আইসিটি বিভাগ ২। আইসিটি অধিদপ্তর
৬	মূল অনুষ্ঠানের প্রধান অতিথি	এবারের দিবসের মূল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন মর্মে সভাকে জানানো হয়।	৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ এর মূল অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করার কারণে যথাযথ গুরুত্ব সহকারে দিবসটি আয়োজনের প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করতে হবে।	১. আইসিটি বিভাগ ২. আইসিটি অধিদপ্তর
৭	৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০-এর কর্মসূচি	৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপন উপলক্ষে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। (ক) জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পন (খ) মূল অনুষ্ঠান (উদ্বোধনী ও পুরস্কার প্রদান অনুষ্ঠান) (গ) প্রতিপাদ্য নির্ভর জাতীয় সেমিনার ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের স্ব স্ব সাফল্য নির্ভর সেমিনার/ওয়েবিনার আয়োজন (ঘ) কেন্দ্রীয়ভাবে অনলাইন প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন ও কুইজ প্রতিযোগিতা আয়োজন (ঙ) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারি/বেসরকারী পর্যায়ে যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠান অনন্য অবদান রেখেছেন তাদেরকে অনুপ্রেরণা ও উৎসাহ প্রদানের জন্য ১৫টি ডিজিটাল বাংলাদেশ দিবস পুরস্কার প্রদান (চ) ৫টি ক্যারাভ্যান ও ০৬টি বাস রাজধানীর উল্লেখযোগ্য স্থানসমূহে সিটি অ্যাক্টিভেশন প্রোগ্রাম (ছ) সচেতনতামূলক নাটিকা পরিবেশন (জ) ইউনিয়ন ডিজিটাল সেন্টার পর্যন্ত দিবস উদযাপন/ব্র্যান্ডিং (ঝ) ৩৬০ ডিগ্রী ব্র্যান্ডিং ও প্রচারণা (CG, AV, TVC, Poster, Pamlet) এবং দেশে ও বিদেশে সম্প্রচার (ঞ) দেশব্যাপী স্ব স্ব জেলা ও উপজেলায় ডিজিটাল বাংলাদেশের বিভিন্ন বিষয় ভিত্তিক সেমিনার/ওয়ার্কশপ/ওয়েবিনার, রচনা, উপস্থিত বক্তৃতা, চিত্রাংকন, বিতর্ক প্রতিযোগিতা আয়োজন (ট)	সভায় ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপন উপলক্ষে প্রাথমিকভাবে নিম্নবর্ণিত কর্মসূচি গ্রহণের বিষয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। (ক) সকাল ০৭:৩০ ঘটিকায় জাতির পিতার প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (খ) মূল অনুষ্ঠান (উদ্বোধনী ও পুরস্কার প্রদান অনুষ্ঠান) আয়োজন করতে হবে। (গ) প্রতিপাদ্য নির্ভর জাতীয় সেমিনার ও বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের স্ব স্ব সাফল্য নির্ভর সেমিনার/ওয়েবিনার আয়োজন করতে হবে। (ঘ) কেন্দ্রীয়ভাবে অনলাইন প্ল্যাটফর্মে রেজিস্ট্রেশন ও কুইজ প্রতিযোগিতা আয়োজন করতে হবে। (ঙ) ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে সরকারি/বেসরকারী পর্যায়ে যে সকল ব্যক্তি/প্রতিষ্ঠান অনন্য অবদান রেখেছেন তাদেরকে অনুপ্রেরণা ও উৎসাহ প্রদানের জন্য ১৫টি ডিজিটাল বাংলাদেশ দিবস পুরস্কার প্রদান করতে হবে। (চ) ৫টি ক্যারাভ্যান ও ০৬টি বাস রাজধানীর উল্লেখযোগ্য স্থানসমূহে সিটি অ্যাক্টিভেশন প্রোগ্রাম আয়োজন করতে হবে। (ছ) সচেতনতামূলক নাটিকা পরিবেশনের আয়োজন করতে হবে। (জ) ইউনিয়ন ডিজিটাল সেন্টার পর্যন্ত দিবস উদযাপন/ব্র্যান্ডিং এর উদ্যোগ গ্রহণ করতে হবে। (ঝ) ৩৬০° ব্র্যান্ডিং ও প্রচারণা (CG, AV, TVC, Poster, Pamphlet) এবং দেশে ও বিদেশে সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। (ঞ) দেশব্যাপী সকল জেলা ও উপজেলায় ডিজিটাল বাংলাদেশের বিভিন্ন বিষয় ভিত্তিক সেমিনার/ওয়ার্কশপ/ওয়েবিনার, রচনা, উপস্থিত বক্তৃতা, চিত্রাংকন ও বিতর্ক প্রতিযোগিতা আয়োজন করতে হবে।	১. আইসিটি বিভাগ ২. আইসিটি অধিদপ্তর

৮	মূল অনুষ্ঠানের সময়সূচি	<p>মূল অনুষ্ঠানটি ১ ঘণ্টা ৩০ মিনিটের মধ্যে সম্পন্ন করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় মূল অনুষ্ঠানটির সময়সূচি নিম্নরূপে প্রস্তাব করা হয়:</p> <table border="1" data-bbox="347 170 801 909"> <tr> <td>সকাল ১০:০০</td> <td>অতিথিবৃন্দের আসন গ্রহণ</td> </tr> <tr> <td>সকাল ১০:৪৫</td> <td>মাননীয় প্রধানমন্ত্রীর আগমন</td> </tr> <tr> <td>সকাল ১০:৫০</td> <td>পবিত্র ধর্মগ্রন্থ হতে পাঠ</td> </tr> <tr> <td>সকাল ১১:০০</td> <td>স্বাগত বক্তব্য</td> </tr> <tr> <td>সকাল ১১:০৫</td> <td>থিম সঞ্জীত প্রদর্শন</td> </tr> <tr> <td>সকাল ১১:১০</td> <td>বিশেষ অতিথির বক্তব্য</td> </tr> <tr> <td>সকাল ১১:১৫</td> <td>বিশেষ অতিথির বক্তব্য</td> </tr> <tr> <td>সকাল ১১:২০</td> <td>সভাপতির বক্তব্য</td> </tr> <tr> <td>সকাল ১১:৩০</td> <td>মাননীয় প্রধানমন্ত্রীকে বিশেষ স্মারক প্রদান</td> </tr> <tr> <td>সকাল ১১:৩৫</td> <td>পুরস্কার বিতরণী অনুষ্ঠান</td> </tr> <tr> <td>সকাল ১১:৪৫</td> <td>মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য</td> </tr> <tr> <td>দুপুর ১২:০০</td> <td>শিশুদের পরিবেশনায় সচেতনতামূলক নাটিকা পরিবেশন</td> </tr> </table>	সকাল ১০:০০	অতিথিবৃন্দের আসন গ্রহণ	সকাল ১০:৪৫	মাননীয় প্রধানমন্ত্রীর আগমন	সকাল ১০:৫০	পবিত্র ধর্মগ্রন্থ হতে পাঠ	সকাল ১১:০০	স্বাগত বক্তব্য	সকাল ১১:০৫	থিম সঞ্জীত প্রদর্শন	সকাল ১১:১০	বিশেষ অতিথির বক্তব্য	সকাল ১১:১৫	বিশেষ অতিথির বক্তব্য	সকাল ১১:২০	সভাপতির বক্তব্য	সকাল ১১:৩০	মাননীয় প্রধানমন্ত্রীকে বিশেষ স্মারক প্রদান	সকাল ১১:৩৫	পুরস্কার বিতরণী অনুষ্ঠান	সকাল ১১:৪৫	মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য	দুপুর ১২:০০	শিশুদের পরিবেশনায় সচেতনতামূলক নাটিকা পরিবেশন	প্রস্তাবিত অনুষ্ঠানসূচি চূড়ান্ত করা হয়।	যুগ্মসচিব (আইসিটি প্রমোশন), আইসিটি বিভাগ
সকাল ১০:০০	অতিথিবৃন্দের আসন গ্রহণ																											
সকাল ১০:৪৫	মাননীয় প্রধানমন্ত্রীর আগমন																											
সকাল ১০:৫০	পবিত্র ধর্মগ্রন্থ হতে পাঠ																											
সকাল ১১:০০	স্বাগত বক্তব্য																											
সকাল ১১:০৫	থিম সঞ্জীত প্রদর্শন																											
সকাল ১১:১০	বিশেষ অতিথির বক্তব্য																											
সকাল ১১:১৫	বিশেষ অতিথির বক্তব্য																											
সকাল ১১:২০	সভাপতির বক্তব্য																											
সকাল ১১:৩০	মাননীয় প্রধানমন্ত্রীকে বিশেষ স্মারক প্রদান																											
সকাল ১১:৩৫	পুরস্কার বিতরণী অনুষ্ঠান																											
সকাল ১১:৪৫	মাননীয় প্রধানমন্ত্রীর বক্তব্য																											
দুপুর ১২:০০	শিশুদের পরিবেশনায় সচেতনতামূলক নাটিকা পরিবেশন																											
৯	সেমিনার/আলোচনা সভা/ওয়েবিনিয়ার	কোভিড ১৯ কালীন প্রেক্ষাপটে ডিজিটাল বাংলাদেশ সম্পর্কিত/প্রতিপাদ্য নির্ভর সেমিনার (ভৌত ও ভার্চুয়াল প্ল্যাটফর্ম) আয়োজনের বিষয়ে আলোচনা হয়।	(ক) মূল অনুষ্ঠান শেষে হল অব ফেম-এ দিবসের প্রতিপাদ্যের উপর সেমিনার আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) জেলা ও উপজেলা পর্যায়ে ডিজিটাল বাংলাদেশের বিভিন্ন বিষয় ভিত্তিক সেমিনার/ওয়ার্কশপ/ওয়েবিনিয়ার আয়োজন করতে হবে। (গ) মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে যাওয়ার ১২ বছর শীর্ষক ডিজিটাল বাংলাদেশ ব্র্যান্ডিং এর লক্ষ্যে ইংরেজীতে একটি ওয়েবিনিয়ার করতে হবে। এতে UNDP, World Bank, BHTPA, BIDA, US Chamber of Commerce, Japan Desk, ITU ইত্যাদি সংস্থাকে পার্টনার হিসেবে রাখতে হবে। এটি বাস্তবায়নের জন্য বেসিস, বিসিএস, বাক্সো এবং ই-ক্যাব এর প্রতিনিধি নিয়ে একটি উপ-কমিটি গঠন করতে হবে। মিডিয়া পার্টনার হিসেবে নিউজ ২৪ এবং ডি বিসি কে রাখতে হবে। বিসিএস এর সভাপতি ITU চেয়ারম্যান-কে উল্লিখিত সেমিনারে উপস্থিতি নিশ্চিত করণে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবেন।	১. আইসিটি অধিদপ্তর ২. গঠিত উপ-কমিটি																								
১০	ফ্রোডপত্র প্রকাশ ও বিজ্ঞাপন	দিবস উপলক্ষে গুরুত্বপূর্ণ জাতীয় দৈনিক পত্রিকায় ফ্রোডপত্র ও বিজ্ঞাপন প্রকাশ করার বিষয়ে আলোচনা হয়। সভায় সভাপতি ও সিনিয়র সচিব বলেন যে, ভিন্ন আঙ্গিকে গতবারের ন্যায় ফ্রোডপত্র প্রকাশ প্রকাশ করতে হবে মর্মে জানান।	(ক) দিবস উপলক্ষে ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের সাফল্য ও অর্জন তুলে ধরে গুরুত্বপূর্ণ জাতীয় দৈনিক পত্রিকায় গতবারের ন্যায় ভিন্ন আঙ্গিকে আরও আকর্ষণীয় ফ্রোডপত্র ও বিজ্ঞাপন প্রকাশের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। ফ্রোডপত্রে Action and given service উল্লেখ থাকতে হবে।	১। গঠিত উপ-কমিটি																								


১১	ব্র্যান্ডিং ও প্রচার	<p>(ক) সার্বিকভাবে ৩৬০° ব্র্যান্ডিং ও প্রচার সংক্রান্ত নিম্নরূপ কার্যক্রম গ্রহণ করা যেতে পারে- মর্মে আলোচনা হয়:</p> <p>১. চলতি বছরে বিদেশে অবস্থিত সকল বাংলাদেশ মিশনে দিবসটি একযোগে পালন;</p> <p>২. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা নিজ নিজ উদ্যোগে স্ব স্ব অর্জিত সাফল্যের উপর ব্র্যান্ডিং ও প্রচারের বিষয়ে আলোচনা হয়।</p> <p>৩. বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং এফ এম রেডিও এর মাধ্যমে প্রচার;</p> <p>৪. নির্ধারিত স্যাটেলাইট চ্যানেলে টকশো, ২০/৩০ সেকেন্ডের বিজ্ঞাপন দিনে ৩/৪ বার প্রচার ও স্ক্রলিং;</p> <p>৫. অগ্রীম প্রচারের নিমিত্ত বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে ব্যানার, ফেস্টুন ও ফ্লাইয়ার ইত্যাদি প্রদর্শন;</p> <p>৬. বিটিআরসি কর্তৃক মোবাইলে ক্ষুদ্রে বার্তা প্রেরণ;</p> <p>৭. দিবসের কার্যক্রমসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে লাইভ টেলিকাস্ট করাসহ পূর্বে হতে সকল সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যাপকভাবে প্রচার;</p> <p>৮. আইসিটি টাওয়ার সুসজ্জিত ও ব্র্যান্ডিং;</p> <p>৯. আইসিটি টাওয়ারে একটি কাউন্ট ডাউন ঘড়ি স্থাপনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে কাউন্টডাউন ঘড়ি স্থাপন;</p> <p>১০. ডিজিটাল বাংলাদেশের অর্জনগুলো নিয়ে এলইডি পর্দা সম্বলিত সুসজ্জিত ভ্রাম্যমান ৫টি ক্যারাত্যান ও ০৬টি বাস (লার্নিং এন্ড আর্নিং প্রকল্পের ০৫টি এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর ০১টি) রাজধানীর উল্লেখযোগ্য স্থানসমূহে প্রদক্ষিণ;</p> <p>১১. ইমেইল ও মোবাইল এ্যাডভারটাইজিং;</p> <p>১২. প্রত্যেক স্টেকহোল্ডারকে যার যার অবস্থান হতে দিবসটিকে ব্র্যান্ডিং করা;</p> <p>১৩. আলোকসজ্জা, রাস্তায় স্থাপিত এলইডি পর্দা/ ডিজিটাল বিলবোর্ড এর মাধ্যমে প্রচারণা;</p> <p>১৪. বিশেষ বুলেটিন প্রকাশ ও প্রেস কনফারেন্স আয়োজন;</p> <p>১৫. ৪৫৫৪টি ইউডিসি, ৩৩২টি পৌরসভাসহ সকল সিটি কর্পোরেশন-এ প্রচারণার ব্যবস্থা গ্রহণ, ইত্যাদি।</p> <p>(খ) প্রকল্প পরিচালক, এটুআই-কে সার্বিকভাবে ব্র্যান্ডিং ও প্রচারের বিষয়টি মনিটরিং করার বিষয়ে আলোচনা হয়।</p>	<p>(ক) ৩৬০° ব্র্যান্ডিং ও প্রচার সংক্রান্ত নিম্নরূপ কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়:</p> <p>১. চলতি বছরে বিদেশে অবস্থিত সকল বাংলাদেশ মিশনে দিবসটি একযোগে পালনের নিমিত্ত প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য আইসিটি বিভাগ হতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে দ্রুত ডিও পত্র প্রেরণ করতে হবে;</p> <p>২. বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা নিজস্ব উদ্যোগে ডিজিটাল বাংলাদেশ বিনিমানে তাদের অর্জিত সাফল্যের উপর প্রচার ও ব্র্যান্ডিং এর ব্যবস্থা গ্রহণ করবে এবং ডিসেম্বর ২০২০ মাসব্যাপী প্রচারের নিমিত্ত গৃহীতব্য কর্ম-পরিকল্পনা এ বিভাগ-কে অবহিত করবে।</p> <p>৩. বাংলাদেশ টেলিভিশন, বাংলাদেশ বেতার এবং এফএম রেডিও এর মাধ্যমে প্রচার শুরু করার জন্য তথ্য মন্ত্রণালয়কে দ্রুত পত্র প্রেরণ;</p> <p>৪. নির্ধারিত স্যাটেলাইট চ্যানেলে টকশো, ২০/৩০ সেকেন্ডের বিজ্ঞাপন (টিভিসি) দিনে ৩/৪ বার প্রচার ও স্ক্রলিং এর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;</p> <p>৫. অগ্রীম প্রচারের নিমিত্ত বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে ব্যানার, ফেস্টুন ও ফ্লাইয়ার ইত্যাদি প্রদর্শনের ব্যবস্থা গ্রহণ করতে হবে;</p> <p>৬. বিটিআরসি কর্তৃক মোবাইলে ক্ষুদ্রে বার্তা প্রেরণের নিমিত্ত বিটিআরসি বরাবর পত্র প্রেরণ করতে হবে;</p> <p>৭. দিবসের কার্যক্রমসমূহ সামাজিক যোগাযোগ মাধ্যমে লাইভ টেলিকাস্ট করাসহ পূর্বে হতে সকল যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। দিবসের কার্যক্রম আইসিটি বিভাগ, আইসিটি অধিদপ্তর (প্রধান কার্যালয় ও মাঠ পর্যায়)/ এটুআই এর ওয়েব পেজের মাধ্যমে প্রচারণা চালাতে হবে;</p> <p>৮. আইসিটি টাওয়ার সুসজ্জিত করাসহ ব্র্যান্ডিং করতে হবে;</p> <p>৯. আইসিটি টাওয়ারে একটি কাউন্ট ডাউন ঘড়ি স্থাপনসহ অন্যান্য গুরুত্বপূর্ণ স্থানে কাউন্ট ডাউন ঘড়ি স্থাপন করতে হবে;</p> <p>১০. ডিজিটাল বাংলাদেশের অর্জনগুলো নিয়ে এলইডি পর্দা সম্বলিত সুসজ্জিত ভ্রাম্যমান ৫টি ক্যারাত্যান ও ০৬টি বাস (লার্নিং এন্ড আর্নিং প্রকল্পের ০৫টি এবং বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ এর ০১টি) রাজধানীর উল্লেখযোগ্য স্থানসমূহে প্রদক্ষিণ করবে;</p> <p>১১. ইমেইল ও মোবাইল এ্যাডভারটাইজিং এর ব্যবস্থা গ্রহণ করতে হবে;</p> <p>১২. প্রত্যেক স্টেকহোল্ডারকে যার যার অবস্থান হতে দিবসটিকে ব্র্যান্ডিং করতে হবে;</p> <p>১৩. আলোকসজ্জা, রাস্তায় স্থাপিত এলইডি পর্দা/ ডিজিটাল বিলবোর্ড এর মাধ্যমে প্রচারণা চালানোর নিমিত্ত ঢাকা উত্তর সিটি কর্পোরেশন ও ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনে পত্র প্রেরণ করতে হবে;</p> <p>১৪. বিশেষ বুলেটিন প্রকাশ ও প্রেস কনফারেন্স আয়োজন করতে হবে;</p> <p>১৫. ৪৫৫ টি ইউডিসি, ৩৩২টি পৌরসভাসহ সকল সিটি কর্পোরেশন-এ প্রচারণার নিমিত্ত স্থানীয় সরকার-কে আইসিটি বিভাগ হতে দ্রুত পত্র প্রেরণ করতে হবে।(খ) প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম সার্বিকভাবে ব্র্যান্ডিং ও প্রচারের বিষয়টি মনিটরিং করবেন।</p>	<p>১. সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা</p> <p>২. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম</p> <p>৩. যুগ্মসচিব (আইসিটি প্রমোশন), আইসিটি বিভাগ</p> <p>৪. আইসিটি অধিদপ্তর</p> <p>৫. গঠিত উপ-কমিটি</p> <p>৬. জনসংযোগ কর্মকর্তা, আইসিটি বিভাগ</p>
১২	আপ্যায়ন	<p>দিবসের মূল অনুষ্ঠান শেষে আপ্যায়ন বিষয়ে আলোচনা হয়।</p>	<p>দিবসের মূল অনুষ্ঠান শেষে আমন্ত্রিত অতিথিদের স্বাস্থ্য বিধি মেনে সীমিত আকারে আপ্যায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>১. আইসিটি বিভাগ</p> <p>২. গঠিত উপ-কমিটি</p>

১৩	মাঠ পর্যায়ের দিবস উদযাপন	মাঠ পর্যায়ের দিবস উদযাপনে বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ আয়োজনের বিষয়ে উপস্থিত সকলে সভায় এপোষন করেন। প্রয়োজনে ডিজিটাল প্রাটফর্মের মাধ্যমে বর্ণিত অয়োজন সম্পন্ন করা যেতে পারে মর্মে সভায় বিস্তারিত আলোচনা হয়। অতঃপর সভাপতি নিম্নরূপ সিদ্ধান্ত প্রদান করেন।			১. আইসিটি বিভাগ ২. আইসিটি অধিদপ্তর		
		ক্রম	পর্যায়	কার্যক্রম		বিষয়	টার্গেটেড গ্রুপ
		১।	জেলা পর্যায়	সেমিনার/ওয়ার্কশপ/ওয়েবিনার		“যদিও মানছি দুরত্ব তবুও আছি সংযুক্ত”	মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী, স্টেকহোল্ডার (আইটি ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা ও খাত), সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ইউডিসিসহ উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকল
				প্রেজেন্টেশন প্রস্তুত		ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছর (৮-১০ স্লাইড)	উচ্চ মাধ্যমিক ও তদুর্ধ্ব শ্রেণি
		রচনা প্রতিযোগিতা	ডিজিটাল বাংলাদেশ	৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি			
২।	উপজেলা পর্যায়	সেমিনার/ওয়ার্কশপ/ওয়েবিনার	“যদিও মানছি দুরত্ব তবুও আছি সংযুক্ত”	মাননীয় সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, সরকারী কর্মকর্তা ও কর্মচারী, স্টেকহোল্ডার (আইটি ফ্রিল্যান্সার, ই-কমার্স উদ্যোক্তা, আইএসপি, আইসিটি উদ্যোক্তা ও খাত), সাংবাদিকবৃন্দ, শিক্ষা প্রতিষ্ঠান, এনজিও, ইউডিসিসহ উদ্যোক্তা এবং সংশ্লিষ্ট সকল			
		উপস্থিত বক্তৃতা ও বিতর্ক প্রতিযোগিতা	ডিজিটাল বাংলাদেশ সম্পর্কিত বিষয় সমূহের উপর	৬ষ্ঠ হতে ১০ম শ্রেণি			
		চিত্রাংকন প্রতিযোগিতা	আমার তুলিতে ডিজিটাল বাংলাদেশ	১ম হতে ৫ম শ্রেণি			
১৪	সামগ্রিক বাজেট বিভাজন	৪র্থ ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপনে বিস্তারিত আলোচনা শেষে খসড়া বাজেট উপস্থাপন করা হয়।			১। যুগ্মসচিব (আইসিটি প্রমোশন), আইসিটি বিভাগ ২। আইসিটি অধিদপ্তর		
		ক্রম	বিবরণ	সম্ভাব্য ব্যয় প্রাক্কলন (লক্ষ টাকায়)			
		(ক)	ইভেন্ট ব্যবস্থাপনা, প্রিন্টিং, প্রকাশনা ও ইভেন্ট ব্র্যান্ডিং ডিজিটাল মিডিয়া ব্যবস্থাপনা ও প্রমোশন	১৫০.০০			
		(খ)	মূল অনুষ্ঠানের ভেন্যু ভাড়া(বিআইসিসি) ও আপ্যায়ন	৫০.০০			
		(গ)	বিজ্ঞাপন(ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ায় অনুষ্ঠানের দরপত্র, ফ্রোডপত্র ও সাধারণ বিজ্ঞাপন প্রকাশ)	৬০.০০			
		(ঘ)	(১) পুরস্কার/সম্মাননার ডিজাইন ও কপিরাইট	৩.০০			
			(২) সেমিনার/ওয়েবিনার/ওয়ার্কশপ	৫.০০			
			(৩) সম্মানী	১.০০			
		(ঙ)	সচিবালয় স্থাপন, ডেস্কটপ কম্পিউটার (১টি), ল্যাপটপ (২টি)- উন্নত ও মানসম্পন্ন ভিজ্যুয়াল প্রদর্শন ও যাচাইকরণের জন্য), স্টেশনারী, প্রকাশনা, অন্যান্য কার্যক্রম পরিচালনা এবং বহিঃস্থ অভিজ্ঞতা বিনিময় কার্যক্রম	২৫.৮০			
		(চ)	আপ্যায়ন(বিভিন্ন সভা, সচিবালয় পরিচালনা ও দৈনন্দিন অন্যান্য অতিরিক্ত কার্যক্রম)	২.০০			
		(ছ)	মাঠ পর্যায়ের বাজেট(জেলা ও উপজেলা) জেলা = ৬৪ x ৫০০০০ = ৩২,০০,০০০/- উপজেলা = ৪২৮ x ৪০০০০ = ১,৭১,২০,০০০/-	২০৩.২০			
		সর্বমোট ব্যয়				৫০০.০০	
		প্রস্তাবিত ৫০০.০০ লক্ষ (পাঁচ কোটি) টাকার বাজেট অনুমোদন করা হয়। আইসিটি অধিদপ্তর প্রয়োজন অনুযায়ী উল্লিখিত আইটেমওয়ারী বাজেট বিভাজনের উপযোজন করতে পারবে। উল্লিখিত অনুমোদিত বাজেট-এর ১০০.০০ লক্ষ টাকা আইসিটি অধিদপ্তর এর অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে এবং অবশিষ্ট ৪০০.০০ লক্ষ টাকা আইসিটি বিভাগ এর অনুষ্ঠান/উৎসবাদি খাত হতে সংস্থান করা হবে। ডিজিটাল বাংলাদেশ দিবস দিবস পালনে সিটি অধিদপ্তর নির্বাহক এজেন্সি হিসেবে দায়িত্ব পালন এবং বরাদ্দকৃত অর্থ ব্যয় করবে।					
		১৫	বিস্তারিত স্পেসিফিকেশন	বর্তমান কোভিড-১৯ প্রেক্ষাপটে দিবস উদযাপনের নিমিত্ত ইভেন্ট ব্যবস্থাপনা, মুদ্রণ, প্রকাশনা, ইভেন্ট ব্র্যান্ডিং, ডিজিটাল মিডিয়া ব্যবস্থাপনা ও প্রমোশন সংক্রান্ত বিস্তারিত কর্ম-পরিকল্পনা প্রণয়ন করতঃ খসড়া স্পেসিফিকেশন (ToR) উপস্থাপন করা হয় (কপি সংযুক্ত)।		বর্তমান কোভিড-১৯ প্রেক্ষাপটে দিবস উদযাপনের নিমিত্ত ইভেন্ট ব্যবস্থাপনা, মুদ্রণ, প্রকাশনা, ইভেন্ট ব্র্যান্ডিং, ডিজিটাল মিডিয়া ব্যবস্থাপনা ও প্রমোশন সংক্রান্ত বিস্তারিত কর্ম-পরিকল্পনা প্রণয়ন করতঃ খসড়া স্পেসিফিকেশন (ToR) অনুমোদন করা হয় (কপি সংযুক্ত)।	আইসিটি অধিদপ্তর

১৬	অনলাইন প্ল্যাটফর্মে কুইজ প্রতিযোগিতা	কোভিড ১৯ প্রেক্ষিতে অনলাইন প্ল্যাটফর্মে কুইজ প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে আলোচনা হয়। মাননীয় সভাপতি প্রিয়.কম এর কুইজ প্ল্যাটফর্মের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে প্রতিযোগিতা আয়োজনের বিষয়ে মতামত দেন। প্রিয়.কম প্রতিনিধি বলেন যে, তাদের প্ল্যাটফর্ম প্রস্তুত রয়েছে। যে নির্দেশনা দেওয়া হবে তা তারা পালন করবেন।	<p>(ক) প্রিয়.কম এর কুইজ প্ল্যাটফর্মের মাধ্যমে কেন্দ্রীয়ভাবে প্রতিযোগিতা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(খ) প্রিয়.কম কুইজ প্রতিযোগিতা আয়োজনে সার্বিক সহযোগিতা প্রদান করবে।</p> <p>(গ) ডিজিটাল বাংলাদেশ, বঙ্গবন্ধু-এর উপর কুইজ প্রতিযোগিতার জন্য প্রশ্ন ব্যাংক প্রস্তুত করতে হবে। এবং ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছরের ভিত্তিতে ১২ টি প্রশ্নতোর প্রদান করতে হবে।</p> <p>(ঘ) ডিজিটাল বাংলাদেশ, বঙ্গবন্ধু-এর উপর প্রশ্ন ব্যাংক প্রস্তুত করতে নিম্নরূপ কমিটি গঠন করা হলো:</p> <p>(১) প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম</p> <p>(২) অতিরিক্ত মহাপরিচালক, আইসিটি অধিদপ্তর</p> <p>(৩) যুগ্মসচিব, আইসিটি প্রমোশন, আইসিটি বিভাগ</p> <p>(৪) জনাব সামি আহমেদ, পলিসি এ্যাডভাইজার, এলআইসিটি প্রকল্প</p> <p>(৫) জনাব পুরবী মতিন, HD Media Manager, এটুআই প্রোগ্রাম</p> <p>(৬) পুরস্কার প্রদানের জন্য পার্টনার হিসেবে Huawei, NTTN, TELCO এর সাথে যোগাযোগ করতে হবে।</p>	১। আইসিটি অধিদপ্তর ২। গঠিত উপ-কমিটি
----	--------------------------------------	---	---	--

১৭	বিবিধ	<p>(ক) বিভিন্ন প্রতিষ্ঠান (সরকারি/বেসরকারি) কর্তৃক ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ সম্পর্কিত বিজ্ঞাপন বা লেখা পত্রিকায় প্রকাশের বিষয়ে আলোচনা হয়।</p> <p>(খ) প্রয়োজন অনুযায়ী কমিটি/উপ-কমিটিতে সদস্য কোঅপ্ট, বাজেট সংস্থান, অতিরিক্ত কার্যক্রম গ্রহন বা পরিমার্জন এর বিষয়ে আলোচনা হয়।</p> <p>(গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি জানান যে, এবারের প্রতিপাদ্য নির্ভর কি কি কর্মসূচি গ্রহন করা যায় তা জানাবে। এছাড়াও ১-১২ ডিসেম্বর ২০২০ এর মধ্যে ইনোভেশন শোকেসিং আয়োজনের বিষয়েও আলোচনা হয়।</p> <p>(ঘ) নির্মিত লগো, ডিজাইন, ব্যানার এর গাইডলাইন ও ডিজাইন লে-আউট প্রেরণের বিষয়ে আলোচনা হয়।</p> <p>(ঙ) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সকল সাফল্যের উপর ৯/১০টি টিভিসি তৈরির বিষয়ে আলোচনা হয়।</p> <p>(চ) দিবসটি উদযাপন উপলক্ষ্যে ডিজিটাল বাংলাদেশ ব্রান্ডিং/প্রচার কার্যক্রমের সাথে উন্নয়ন সহযোগী এবং আন্তর্জাতিক বেসরকারী সংস্থা-কে সম্পৃক্ত করার বিষয়ে সভাপতি গুরুত্ব আরোপ করেন।</p> <p>(ছ) মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে 'ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছর' শীর্ষক একটি বই প্রকাশ এর বিষয়ে সভাপতি আলোকপাত করেন।</p> <p>(জ) দিবসটি উদযাপন উপলক্ষ্যে সরকারী সকল ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে সভায় আলোচনা হয়। পাশাপাশি ডিজিটাল বাংলাদেশ এর জন্য : www.digitalbangladesh.gov.bd ডোমেইন নিবন্ধন করে চালু করা প্রয়োজন।</p>	<p>(ক) বিভিন্ন প্রতিষ্ঠান (সরকারি/ বেসরকারি) নিজ উদ্যোগে ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ সম্পর্কিত বিজ্ঞাপন বা লেখা পত্রিকায় প্রকাশ করতে পারবে। তবে এক্ষেত্রে বিজ্ঞাপন বা লেখা আইসিটি বিভাগ কর্তৃক ভেটিং করতে হবে। প্রয়োজন হলে আইসিটি বিভাগ সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বরাবর এরূপ কার্যক্রম গ্রহন বিষয়ক পত্র প্রেরণ করবে।</p> <p>(খ) প্রয়োজন অনুযায়ী কমিটি/উপ-কমিটিতে সদস্য কোঅপ্ট, বাজেট সংস্থান, অতিরিক্ত কার্যক্রম গ্রহন বা পরিমার্জন এর বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(গ) জনপ্রশাসন মন্ত্রণালয় এবারের প্রতিপাদ্য নির্ভর কর্মসূচি গ্রহন করবে এবং আইসিটি বিভাগ-কে তা অবহিত করবে। এছাড়াও ১-১২ ডিসেম্বর ২০২০ এর মধ্যে ইনোভেশন শোকেসিং আয়োজন সম্ভব হলে সে বিষয়ে ব্যবস্থা গ্রহন করবে।</p> <p>(ঘ) নির্মিত লগো, ডিজাইন, ব্যানার এর গাইডলাইন ও ডিজাইন লে-আউট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা এবং জেলা ও উপজেলা পর্যায়ে প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।</p> <p>(ঙ) স্বাস্থ্য মন্ত্রণালয়ের সকল সাফল্যের উপর ৯/১০টি টিভিসি তৈরি করে প্রচারের ব্যবস্থা গ্রহন করবে। এছাড়া নির্মাকৃত টিভিসি সমূহ প্রচারের জন্য আইসিটি বিভাগে প্রেরণ করবে।</p> <p>(চ) সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা ডিজিটাল বাংলাদেশ দিবসটি উদযাপন/ব্রান্ডিং-প্রচার কার্যক্রমের সাথে তাদের উন্নয়ন সহযোগী এবং আন্তর্জাতিক বেসরকারী সংস্থা-কে সম্পৃক্ত করবে।</p> <p>(ছ) ৪র্থ জাতীয় ডিজিটাল বাংলাদেশ দিবস ২০২০ উদযাপন উপলক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে 'ডিজিটাল বাংলাদেশের এগিয়ে যাওয়ার ১২ বছর' শীর্ষক একটি বই প্রকাশ করতে হবে। বইটির সংকলন ও প্রকাশে নিম্নের কমিটি দায়িত্ব পালন করবেঃ</p> <p>(১) জনাব অজিত কুমার সরকার, কমিউনিকেশন স্পেশালিস্ট, এলআইসিটি প্রকল্প</p> <p>(২) জনাব পূর্ববী মতিন, মিডিয়া ম্যানেজার (মানব সম্পদ উন্নয়ন), এটুআই প্রোগ্রাম</p> <p>(৩) জনাব সামি আহমেদ, পলিসি এ্যাডভাইজার, এলআইসিটি প্রকল্প</p> <p>(৪) জনাব মো. গোলাম কিবরিয়া, জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ</p> <p>(জ) (১) এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/প্রকল্পের সকল ওয়েবসাইট হালনাগাদ করতে হবে।</p> <p>(২) সরকারী সকল ওয়েব পোর্টাল হালনাগাদ করার বিষয়ে এটুআই প্রোগ্রাম প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করবে।</p> <p>(৩) ডিজিটাল বাংলাদেশ এর জন্য : www.digitalbangladesh.gov.bd ডোমেইন নিবন্ধন গ্রহণ পূর্বক ওয়েবসাইটটি চালু করার জন্য বিসিসি সার্বিক দায়িত্ব পালন করবে।</p>	<p>১. সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা</p> <p>২. নির্বাহী পরিচালক, বিসিসি</p> <p>৩. প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম</p> <p>৪. গঠিত উপকমিটি</p> <p>৫. আইসিটি অধিদপ্তর</p> <p>৬. গঠিত উপ-কমিটি</p> <p>৭. জনসংযোগ কর্মকর্তা, আইসিটি বিভাগ</p>
----	-------	--	--	---

০৩। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


 জুনাইদ আহমেদ পলক, এমপি
 মাননীয় প্রতিমন্ত্রী

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ
- ৩) ব্যবস্থাপনা পরিচালক (সচিব), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ
- ৪) সিনিয়র সচিব, অর্থ বিভাগ
- ৫) সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
- ৬) সচিব, সচিবের দপ্তর, কৃষি মন্ত্রণালয়
- ৭) সচিব, সুরক্ষা সেবা বিভাগ
- ৮) সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়
- ৯) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১০) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
- ১১) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ১২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ১৩) সচিব, সমন্বয় ও সংস্কার, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ
- ১৪) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ
- ১৫) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়
- ১৬) সচিব, সচিবের দপ্তর, তথ্য মন্ত্রণালয়
- ১৭) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন
- ১৮) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
- ১৯) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
- ২০) অতিরিক্ত সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ২১) বিভাগীয় প্রধান, সিএসই বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
- ২২) প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ২৩) প্রকল্প পরিচালক, উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমি প্রতিষ্ঠাকরণ
- ২৪) মহাপরিচালক, ডিজিটাল নিরাপত্তা এজেন্সি
- ২৫) প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান নির্বাহী কর্মকর্তার দপ্তর, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
- ২৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
- ২৭) মহাপরিচালক, বাংলাদেশ ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর
- ২৮) প্রধান প্রকৌশলী, প্রধান প্রকৌশলীর দপ্তর, গণপূর্ত অধিদপ্তর
- ২৯) সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ), ইলেক্ট্রনিক স্বাক্ষর সার্টিফিকেট প্রদানকারী কর্তৃপক্ষের নিয়ন্ত্রক (সিসিএ)- এর কার্যালয়
- ৩০) মহাপরিচালক, বিএনসিসি
- ৩১) যুগ্ম সচিব (সকল), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩২) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩৩) উপসচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩৪) পরিচালক, পরিচালক এর দপ্তর, মোবাইল গেইম ও এ্যাপ্লিকেশন এর দক্ষতা উন্নয়ন প্রকল্প
- ৩৫) সিনিয়র সচিবের একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
- ৩৬) পলিসি অ্যাডভাইজর, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
- ৩৭) নির্বাহী পরিচালক, সিআরআই
- ৩৮) সভাপতি, বেসিস
- ৩৯) সভাপতি, বান্ধো
- ৪০) সভাপতি, বিসিএস
- ৪১) সভাপতি, আইএসপিএবি
- ৪২) সভাপতি, বাংলাদেশ কম্পিউটার সোসাইটি
- ৪৩) সাধারণ সম্পাদক, বাংলাদেশ ওপেন সোর্স নেটওয়ার্ক
- ৪৪) সভাপতি, ই-ক্যাব
- ৪৫) সভাপতি, এমটব
- ৪৬) সভাপতি, বাংলাদেশ ওম্যান ইন আইটি
- ৪৭) সভাপতি, আমরাই ডিজিটাল বাংলাদেশ



ড. মুহম্মদ মেহেদী হাসান
যুগ্মসচিব (অতিরিক্ত দায়িত্ব)